

বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

বিদ্যাসাগর ভবন

সিউডী, বীরভূম

পত্রাংক- BDPSC/gen/1395/2017

দিনাংক- 22/09/2017.

প্রাপক :-

অবর বিদ্যালয় পরিদর্শক.....স্বপ্ন..... চক্র

বিষয় : - 'বিজয়ার চিঠি' শীর্ষক পত্র রচনা প্রতিযোগিতা ।

বীরভূম জেলা প্রাথমিক শিক্ষা চক্র গুলির সমস্ত অবর বিদ্যালয় পরিদর্শকদের জানানো যাচ্ছে যে , বর্তমানে ইলেকট্রনিক মিডিয়ার দাপটে হাতে লেখা চিঠির ব্যবহার আমাদের নতুন প্রজন্ম ও শিশু শিক্ষার্থীরা ভুলতে বসেছে এবং এটি প্রত্নতাত্ত্বিক সামগ্রীতে পরিণত হচ্ছে । সেই দিকটিকে বিশেষ ভাবে গুরুত্ব দিয়ে বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের অধীনস্থ সকল সরকার পোষিত প্রাথমিক ও নিম্নবুনিয়াদী বিদ্যালয়ের চতুর্থ ও পঞ্চম (যেখানে প্রযোজ্য) শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্য একটি পত্ররচনা প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। আগামী শারদীয়া উৎসবের পরিপ্রেক্ষিতে এই প্রতিযোগিতার বিষয় বস্তু ' বিজয়ার চিঠি '। এই প্রতিযোগিতায় চতুর্থ ও পঞ্চম শ্রেণীর যে কোন ছাত্র ছাত্রী তার মাতৃ ভাষায় বিজয়ার শুভকামনা /প্রনাম জানিয়ে যে কোন আত্মীয় /আত্মীয়াকে চিঠি লিখবে সর্বোচ্চ পঁচাত্তর শব্দের মধ্যে। প্রতিযোগিতাটি বিদ্যালয় স্তরে অনুষ্ঠিত হবে আগামী ২৫/১০/২০১৭ ইং তারিখে এবং ২৬/১০/২০১৭ ইং তারিখে চক্র স্তরে ঐ চিঠি গুলি জমা করতে হবে। সাদা বা রুলটানা কাগজে স্পষ্ট অক্ষরে ছাত্র ছাত্রীর নাম , শ্রেণী , বিদ্যালয়ের নাম ও চক্রের নাম সহ মূল লেখাটি (একটি তালিকা সহ) আগামী ২৭/১০/১৭ ইং তারিখের মধ্যে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ কার্যালয়ে জমা দেবার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

শারদীয়া শুভেচ্ছা সহ


সভাপতি

বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।